১২-০৪-২০২২ খ্রি. তারিখ ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের মাঝে ক্ষতিপূরণের চেক বিতরণের প্রতিবেদন

নাটোর রোড (রুয়েট) হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত রাস্তা নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প ও সার সংরক্ষন ও বিতরনের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪ টি বাফার গুদাম নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় রাজশাহী জেলার পবা উপজেলায় সারের বাফার গুদাম নির্মাণের জন্য প্রত্যাশী সংস্থা কর্তৃক ভূমি অধিগ্রহণ করা হয়েছিল। এত ওই এলকার ২৯ জন ভূমির মালিক ক্ষতিগ্রস্ত হন এবং অনেকে বাস্তহারা হন। জেলা প্রশাসন কর্তৃক এ সব ক্ষতিগ্রস্ত ভূমি ও বাড়ির মালিকদের মাঝে ক্ষতিপূরণের ৪ কোটি ২৮ লক্ষ ৬২ হাজার ২১ টাকার চেক হস্তান্তর করা হয়।

মঙ্গলবার (১২ এপ্রিল/২০২২) বিকাল ৩.০০ ঘটিকায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রধান অতিথি হিসেবে ক্ষতিগ্রস্ত ভূমি মালিকদের মাঝে চেক বিতরণ করেন রাজশাহী বিভাগের মাননীয় বিভাগীয় কমিশনার জনাব জিএসএম জাফরউল্লাহ্ এনডিসি । উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাজশাহী জেলা প্রশাসক জনাব আব্দুল জলিল । এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব মুহাম্মদ শরিফুল হক. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব সুমন চৌধুরী জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও ভূমি অধিগ্রহণ কর্মকর্তা ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় বিভাগীয় কমিশনার জনাব জিএসএম জাফরউল্লাহ্ এনডিসি বলেন, পূর্বে অধিগ্রহণকৃত জমির টাকা উত্তোলন করতে অনেক কষ্ট হতো। ০১/২১-২২ এল.এ কেসভূক্ত নাটোর রোড (রুয়েট) হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত রাস্তা নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প এবং ০৬/২০-২১ এল.এ কেসভূক্ত রাজশাহী জেলার পবা উপজেলায় সারের বাফার গুদাম নির্মাণ প্রকল্পে ক্ষতিগ্রস্ত ভূমি মালিকদের মাঝে অতি অল্প সময়ের মধ্যে চেক বিতরণ করার জন্য জেলা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন ও করেন। ক্ষতিপুরণের অর্থ পাওয়ার জন্য কেউ কোনো প্রকার হয়রানী বা টাকা দাবী করে থাকলে তা সরাসরি জেলা প্রশাসককে অবহিত করার জন্যও নির্দেশনা প্রদান করেন।

সভাপতি ও জেলা প্রশাসক মহোদয় বলেন আমরা অতি স্বল্প সময়ের মধ্যে ক্ষতিগ্রস্ত ভূমি মালিকদের ক্ষতিপুরণের অর্থ পরিশোধের জন্য সব সময় চেষ্টা করে যাচ্ছি। এই চেক বিতরণে কোনো প্রকারের দুর্নীতি ও হয়রানীর স্বীকার ভূমি মালিকদের হতে হয়নি মর্মে জানান।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব মুহাম্মদ শরিফুল হক ক্ষতিগ্রস্তদের উদ্দেশ্যে বলেন, এখন থেকে ভূমি অধিগ্রহণের টাকা উত্তোলনে কেউ কোনো ধরনের হয়রানির শিকার হবেন না এবং কোনো দালাল বা তৃতীয়পক্ষ না ধরে ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্ত ব্যক্তি জমির প্রয়োজনীয় কাগজপত্রসহ জেলা প্রশাসকের কার্যালয়ের এল.এ শাখায় যোগাযোগ করলে অতি সহজে স্বল্প সময়ের মধ্যে ক্ষতিপূরণের চেক পাবেন বলে জানান।

ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্ত ২৯ জন ব্যক্তিদের মধ্যে পবা উপজেলার বায়া এলকার জনাব মো: সিরাজুল ইসলাম বলেন, ক্ষতিপুরণের চেক পেতে আমাদের কোন প্রকার হয়রানি হতে হয়নি। এ জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও জেলা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জানাই।

এছাড়াও অনুষ্ঠানে অন্যান্য ক্ষতিগ্রস্তদের মাঝে ক্ষতিপূরণের চেক বন্টন করা হয়।

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
জেলা প্রশাসকের কার্যালয়
রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় রাজশাহী
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.rajshahi.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০২২.০৩.০০৭.২০২১- ২৬৭(৪)

তারিখ: ১১/০৪/২০২২ খ্রি.

বিষয় : এল.এ চেক পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন প্রদান প্রসংগে

সূত্র : তার স্মারক নং-ডিসিএ/রাজ/প্রি-অডিট-২/১৯-২০/সা:নথি/৪৮৫ , তারিখ- ২৬/০৮/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নিম্নে ছকে বর্ণিত চেকের বিপরীতে প্রত্যয়ন পত্র প্রস্তুত করে এ সাথে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

ক্র:নং	তারিখ	এল.এ কেস	রোয়েদাদীর নাম	চেক নং	টাকার পরিমাণ	জাতীয় পরিচয় পত্র নং
১	১০-০৪-২০২২	০১/২১-২২	মো: সিরাজুল ইসলাম	০০৭২১৫২	৮৯,২৫,৫২২.৭০	৭৩৩৬৭২২৭৩৬
২	"	০১/২১-২২	মো: মেরাজ উদ্দিন	০০৭২১৫৩	১৯,১৬,২৩১.৮০	৩২৮৬৬৯৬৪৫৯
৩	"	০১/২১-২২	মো: আব্দুর রশিদ	০০৭২১৫৪	১৯,১৬,২৩১.৮০	৬৮৮৬৬৭৪৪৬১
৪	"	০১/২১-২২	মো: শামসুল হক	০০৭২১৪৫	১০,৮৩,২২৫.২৫	৭৭৮৭১৪৫৬১৯
৫	"	০৬/২০-২১	মো: সাইদুর রহমান	০০৭২১৪৯	৭,৯৮,৭৫৫.০২	২৮১২৩৫৪৭২৪
৬	"	০৬/২০-২১	মোসা: নাসরিন খাতুন	০০৭২১৫০	৭,৯৮,৭৫৫.০২	৬৪১২২১৭৪৫৪
৭	"	০৬/২০-২১	মো: মোস্তাফিজুর রহমান	০০৭২১৪৬	৩১,৭৮,৫৭৭.৫৯	৫০৬২৬৩৯০২৫
৮	"	০৬/২০-২১	মোসা: ফেরদৌসী বেগম	০০৭২১৪৩	১৯,২১,৯০১.৫৮	৭৭৮৬১৮৫৬৯৯
৯	"	০১/২০-২১	মো: সাইফুল ইসলাম	০০৭২১৬৪	১,৬৫,৪৮৪.২৬	৪৬০০৮৫৫০৪৫
১০	"	০১/২০-২১	মো: আব্দুস সামাদ	০০৭২১৪৮	১৬,৮২,৮০৩.৩৭	৩২৬৩৯৫৩৫০১
১১	"	০১/২০-২১	মো: মইনুদ্দিন	০০৭২১৫৬	৯৬,৩৯,২৪৪.৫০	৩৮২৫০৬৭৮০০৪
১২	"	০১/২০-২১	মোসা: রিমা খাতুন	০০৭২১৬০	৩৭,৬১০.০৬	৭৮১০৭২৮২৪১
১৩	"	০১/২০-২১	মোসা: নাজমা বেগম	০০৭২১৬১	৩৭,৬১০.০৬	৮১১২৫৯৪৯৩৯৮৯৩
১৪	"	০১/২০-২১	মো: জয়নাল আবেদীন সম্রাট	০০৭২১৬২	১,৫৭,৯৬২.২৪	৭৩০০৮৫৮৩৯১
১৫	"	০১/২০-২১	মো: আয়নাল হক	০০৭২১৬৩	১,৫৭,৯৬২.২৪	৩২৫০৮৫৪০৯২
১৬	"	০১/২০-২১	মোসা: শাহানা পারভীন	০০৭২১৫৭	৩৭,৬১০.০৬	৮১১২৫৩৯৮৯০১৯৩
১৭	"	০১/২০-২১	মোসা: রেশমা খাতুন	০০৭২১৫৫	৩৭,৬১০.০৬	৮৭০১২৪২৯৮৭
১৮	"	০৩/১২-১৩	মো: বেলায়েতুর রহমান	০০৭২১৫৮	১৫,৩১,৭৬৪.৮২	৮১৯২২০৯২৫৪২৪৫
১৯	"	০৩/১২-১৩	মো: জিল্লুর রহমান	০০৭২১১৯	১,৪৬,৬০৭.৮৪	৮৬৮৫৮০১৪৫১
২০	"	০৩/১২-১৩	মো: মতিউর রহমান রাহেল	০০৭২১২০	১,৪৬,৬১৪.২৯	১৯৮৫৮১৯২২১১২৬৭৩১৩
২১	"	০৩/১২-১৩	হাসনা হেনা	০০৭২১২২	৭৩,৩০৪.৫৬	৩৭৩৮৬৬৮৩৪৪
২২	"	০৩/১২-১৩	মোসা: বিলকিস আরা পারভীন	০০৭২১২৩	৭৩,৩০৪.৫৬	৮১৯২২১৮২৯৫৪৫৫
২৩	"	০৩/১২-১৩	রুমানা রহমান (চুমকি)	০০৭২১২৫	৭৩,৩০৪.৫৬	৮১৯২২২৬৩৩০৭৭০
২৪	"	০৩/১২-১৩	মো: গোলাম সারওয়ার	০০৭২১২৬	৪৭,২৭,৯৭৬.০০	৮১৯২২১২২৩৫৮১৫
২৫	"	১১/১০-১১	মো: সিরাজুল ইসলাম	০০৭২১২৭	১,০৪,৪১৮.৯৮	৮১১১২৯৪০৯৯৩৪৩
২৬	"	১১/১০-১১	মো: আবুল কালাম	০০৭২১২৯	৭৮,৬০২.৩৬	৮১১১২৯৪০৯৯২৬৮
২৭	"	১১/১০-১১	মো: মাসুদ রানা প্রাং	০০৭২১২৮	২৫,৮১৬.৬২	৮১১১২৯৪০৯৯৪১৭

চলমান পাতা-০২

২৮	"	২৫/১৬-১৭	মোসা: শাহিনা পারভীন	০০৭২১৪২	১৯,১৪,৫৭০.২৫	২৮৫০৪৫৯২৭৮
২৯	"	০৪/১৮-১৯	মো: শরিফুল ইসলাম	০০৭২১৩০	১৪,৭২,৬৩৯.৩৪	৪৬৪০৪৪৪১৭২
			সর্ব মোট =		৪,২৮,৬২,০২১.৭৯	

(চার কোটি আঠাশ লক্ষ বাষট্টি হাজার একুশ টাকা উনআশি পয়সা মাত্র)

সংযুক্তি :
এল.এ চেক ২৯ (উনত্রিশ) টি
আইডি কার্ড ২৯ (উনত্রিশ) টি
বিল ২৯ (উনত্রিশ) টি
ব্যাংক স্টেটমেন্ট ২৯(উনত্রিশ) টি

নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার
ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়
রাজশাহী। প্রিঅডিট শাখা-২

মুহাম্মদ শরিফুল হক
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
রাজশাহী
ফোন নং-০৭২১-৭৭৫৯৯০(অফিস)

অনুলিপি: সদয় অবগতির জন্য -

০১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী বিভাগ, রাজশাহী
০২। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য
০৩। অফিস কপি

২৯ (ঊনত্রিশ) টি পাইলাম [illegible]/৮/২২

১২.০৪.২০২২ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীতে এল.এ. চেক বিতরণ